

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২২১

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩. সালাতের শর্তসমূহ - সালাতে কথা-বার্তা বলার বিধান

আরবী

وَعَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ _ رضي الله عنه _ قَالَ: إِنْ كُنَّا لَنَتَكَلَّمُ فِي الصَّلَاةِ عَلَى عَهْدِ النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ يُكَلِّمُ أَحَدُنَا صَاحِبَهُ بِحَاجَتِهِ, حَتَّى نَزَلَتْ: (حَافِظُوا عَلَى الله عليه وسلم _ يُكَلِّمُ أَحَدُنَا صَاحِبَهُ بِحَاجَتِهِ, حَتَّى نَزَلَتْ: (حَافِظُوا عَلَى الصَّلُوَاتِ وَالصَّلَاةِ الْوُسْطَى وَقُومُوا لِلَّهِ قَانِتِينَ) [الْبَقَرَة: 238], فَأُمِرْنَا بِالسُّكُوت, وَاللَّفْظُ لِمُسْلِمٍ

صحيح. رواه البخاري (1200)، ومسلم (539)، إلى أن مسلمًا لم يَسُقُ من الآية إلى قوله تعالى: (وقوموا لله قانتين)

বাংলা

২২১। যায়দ ইবনু আরক্কাম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সময়ে সালাতের মধ্যে কথা বলতাম। আমাদের যে কেউ তার সঙ্গীর সাথে নিজ দরকারী বিষয়ে কথা বলত। অবশেষে এ আয়াত নাযিল হল- "তোমরা তোমাদের সালাতসমূহের সংরক্ষণ কর ও নিয়ানুমবর্তিত রক্ষা কর; বিশেষ মধ্যবর্তী (আসর) সালাতে, আর তোমরা (সালাতে) আল্লাহর উদ্দেশে একাগ্রচিত্ত হও"— (সূরাহ আল বাক্কারাহ ২/২৩৮)। অতঃপর আমরা সালাতে নীরব থাকতে আদেশপ্রাপ্ত হলাম এবং নিজেদের মধ্যে কথা বলা নিষিদ্ধ হয়ে গেল। শব্দ বিন্যাস মুসলিমের।[1]

ফুটনোট

[1] বুখারী ১২০০; মুসলিম ৫৩৯



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরক্কাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন